

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৫১৩৪

৩৮/ সালাম (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ১৯. শরীরে চুমা দেয়া- সম্পর্কে।

### باب فِي قُبْلَةِ الْجَسَدِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عَوْنٍ، أَخْبَرَنَا خَالِدٌ، عَنْ حُصَيْنٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ أُسَيْدِ بْنِ حُضَيْرٍ، - رَجُلٍ مِنَ الْأَنْصَارِ - قَالَ بَيْنَمَا هُوَ يُحَدِّثُ الْقَوْمَ وَكَانَ فِيهِ مَزَاحٌ بَيْنَا يُضْحِكُهُمْ فَطَعَنَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي خَاصِرَتِهِ بِعُودٍ فَقَالَ أَصْبِرْنِي . فَقَالَ " اصْطَبِرْ " . قَالَ إِنَّ عَلَيْكَ قَمِيصًا وَلَيْسَ عَلَى قَمِيصٍ . فَرَفَعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ قَمِيصِهِ فَاحْتَضَنَهُ وَجَعَلَ يَقْبَلُ كَشْحَهُ قَالَ إِنَّمَا أَرَدْتُ هَذَا يَا رَسُولَ اللَّهِ .

বাংলা

৫১৩৪. আমার ইবন আওন (রহঃ) ..... উসায়দ ইবন হুযায়র (রাঃ) থেকে বর্ণিত। তিনি একজন আনসার সাহাবী ছিলেন, একদিন তিনি লোকদের সাথে হাস্য-কৌতুকরত থেকে তাদের হাসাচ্ছিলেন। এ সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পেটে কাঠ দিয়ে গুতা দেন। তখন উসায়দ (রাঃ) বলেনঃ ইয়া রাসূলুল্লাহ! আমাকে এর প্রতিশোধ নেয়ার সুযোগ দেন। তখন তিনি বলেনঃ আচ্ছা, তুমি প্রতিশোধ নিয়ে নেও। উসায়দ (রাঃ) বলেনঃ আপনি তো জামা গায়ে দিয়ে আছেন, আমার গায়ে তো জামা ছিল না। তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জামা উপরে উঠালে, উসায়দ (রাঃ) তাঁর পার্শ্ব দেশে চুমা দিতে থাকে এবং বলেঃ ইয়া রাসূলুল্লাহ! এটাই আমার মাকসূদ বা উদ্দেশ্য ছিল।

## English

Narrated Usayd ibn Hudayr,:

AbdurRahman ibn AbuLayla, quoting Usayd ibn Hudayr, a man of the Ansar, said that while he was given to jesting and was talking to the people and making them laugh, the Prophet (ﷺ) poked him under the ribs with a stick.

He said: Let me take retaliation. He said: Take retaliation. He said: You are wearing a shirt but I am not. The Prophet (ﷺ) then raised his shirt and the man embraced him and began to kiss his side. Then he said: This is what I wanted, Messenger of Allah!

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উসায়দ ইবনু হুযায়র (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37240>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন